দৈনিক
আমাদের সময়

তারিখ ... ~~12 NOV 2016~~ ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৩ ...
11 NOV 2016

বিয়ানীবাজারে শিক্ষামন্ত্রী

# বিশ্বমানের নাগরিক হিসেবে নতুন প্রজন্মকে গড়ে তুলতে চাই

**বিয়ানীবাজার প্রতিনিধি** ● বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, নতুন প্রজন্মকে বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে তুলতে চাই, যারা হবে আগামী দিনের নির্মাতা। গতকাল বিয়ানীবাজার মুক্তিযোদ্ধা সংসদ প্রাঙ্গণে উপজেলা আ.লীগ আয়োজিত গণসমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। উপজেলা আ.লীগ সভাপতি হাজি আব্দুল হাছিব মনিয়ার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় সদস্য অধ্যাপক রফিকুল হক, সিলেট জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট নাসির উদ্দিন খান। সমাবেশ পরিচালনা করেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান খান।